# 128423 - ফকিাহবদি আলমেগণ আশুরার দনি রোযো রাখার সাথে ১১ তারখিওে রোযো রাখাকে মুস্তাহাব বলনে কনে?

প্রশ্ন

আমি আশুরা সংক্রান্ত সবগুলো হাদসি পড়ছে। আমি কোনে হাদসিে পাইনি যে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইহুদীদরে সাথে পার্থক্য করার জন্য ১১ তারখি রোযো রাখার কথা বলছেনে। তনিি শুধু বলছেনে: "আমি যদি আগামী বছর বাঁচি তাহলে অবশ্যই ৯ তারখি ও ১০ তারখি রোযো রাখব" ইহুদীদরে সাথে পার্থক্য করণার্থে। অনুরূপভাবে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর সাহাবীবর্গকওে ১১ তারখি রোযো রাখার দকি-নর্দিশেনা দনেনি। অতএব, যে কাজ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম করনেনি কিংবা তাঁর সাহাবীবর্গ করনেনি সটো কি বদিাত হবে না? যে ব্যক্তি ৯ তারখিে রোযো রাখতে পারনেি সে কি শুধু ১০ তারখিে রোযো রাখব?

প্রয়ি উত্তর

আলহামদু লল্লিাহ।.

মুহর্রম মাসরে ১১ তারখিে রোযো রাখাকে আলমেগণ মুস্তাহাব বলনে। কনেনা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থকেে এ দনিে রোযো রাখার নর্দিশে এসছে। ইবনে আব্বাস (রাঃ) থকেে বর্ণতি তনিি বলনে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেনে: "তোমেরা আশুরার দনি (১০ তারখিে) রোযো রাখ। এক্ষত্রেে তোমেরা ইহুদীদরে সাথে পার্থক্য কর এবং আশুরার আগে একদনি বা পরে একদনি রোযো রাখ।"[মুসনাদে আহমাদ (২১৫৫)]

আলমেগণ এ হাদসিরে শুদ্ধতা নয়িে মতভদে করছেনে। শাইখ আহমাদ শাকরে হাদসিটকিে 'হাসান' বলছেনে। আর মুসনাদ গ্রন্থরে মুহাক্ককিগণ হাদসিটকিে 'যয়ীফ' (দুর্বল) বলছেনে।

এ হাদসিটি ইবনে খুযাইমাও এই ভাষায় বর্ণনা করছেনে। আলবানী বলনে: "ইবনে আবি লাইলা নামক বর্ণনাকারীর মুখস্তশক্তরি দুর্বলতার কারণে হাদসিটরি সনদ 'যয়ীফ'। বর্ণনাকারী 'আতা' তার সাথে মতভদে করছেনে এবং তনিি হাদসিটকিে ইবনে আব্বাস (রাঃ) এর উক্তি (মাওকুফ) হসিবেে বর্ণনা করছেনে। তাহাবী ও বাইহাকী কর্তৃক সংকলতি সে সনদটি সহহি।[সমাপ্ত]

যদি এ হাদসিটরি সনদ 'হাসান' পর্যায়রে হয় তাহলে তো ভাল। আর যদি হাদসিটি 'যয়ীফ' হয় তাহলে এমন ক্ষত্রেে আলমেগণ সহনশীলতা অবলম্বন করনে। কনেনা হাদসিটরি দুর্বলতা যৎসামান্য। যহেতেু হাদসিটি মথি্যা বা বানোয়াট নয়। এবং যহেতেু

হাদসিটি ফাযায়লে আমল এর ক্ষত্রে। বশিষেতঃ যহেতেু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থকে মুহর্রম মাসে রোযো রাখার ব্যাপারে উৎসাহমূলক বর্ণনা এসছে। এমনকি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলনে: "রমযানরে পর সর্বোত্তম রোযো হচ্ছে মুহর্রম মাসরে রোযো।"[সহহি মুসলমি (১১৬৩)]

ইমাম বাইহাকী এ হাদসিটি পূর্বোক্ত ভাষায় তাঁর 'সুনানে কুবরা' গ্রন্থে বর্ণনা করছেনে। অন্য এক বর্ণনার ভাষা হচ্ছে- "আগে একদনি ও পরে একদনি রোযো রাখ"। অর্থাৎ সে বর্ণনাতে "বা" এর পরবির্তে "ও" রয়ছে।

হাফযে ইবনে হাজার তাঁর 'ইতহাফুল মাহারা' গ্রন্থে (২২২৫) হাদসিটি বর্ণনা করনে এ ভাষায়: "তোমরা এর আগে একদনি ও পরে একদনি রোযো রাখ"। এবং তনি বিলনে: "হাদসিটি আহমাদ ও বাইহাকী 'যয়ীফ সনদ'-এ বর্ণনা করছেনে; মুহাম্মদ বনি আবি লাইলা এর দুর্বলতার কারণে। কন্িতু, তনি এিককভাবে হাদসিটি বির্ণনা করনেনি। বরং তাকে অনুকরণ করছেনে: সালহে বনি আবু সালহে বনি হাইয়্য।[সমাপ্ত]

এ বর্ণনা থকে ৯ তারখি ও ১১ তারখিে রোযো রাখা মুস্তাহাব হওয়া জানা যায়।

কোন কোন আলমে ১১ তারখিে রোযো রাখা মুস্তাহাব হওয়ার আরকেটি কারণ উল্লখে করছেনে। তা হচ্ছে- ১০ তারখিরে রোযোটরি ব্যাপারে সাবধানতা অবলম্বন করা। কারণ হতে পারে লোকেরো মুহর্রম মাসরে চাঁদ দখোর ক্ষত্রে ভুল করে থাকবে। যার কারণে সুনর্িদষ্টিভাবে কোন দনিটি ১০ তারখি সটো হয়তো জানা যাবে না। তাই মুসলমি ব্যক্তি যদি ৯ তারখি ও ১১ তারখি রোযো রাখে তাহলে নশি্চতিভাবে তার আশুরা (১০ তারখি) এর রোযো রাখা হল।

ইবনে আবু শাইবা তাঁর 'মুসান্নাফ' গ্রন্থে (২/৩১৩) তাউস (রহঃ) থকে বর্ণনা করনে য,ে তনি আিশুরার আগে এক দনি ও পরে একদনি রোযো রাখতনে; ছুটে যাওয়ার ভয় থকে।ে

ইমাম আহমাদ বলনে: "যে ব্যক্তি আশুরার রোযো রাখতে চায় সে যনে ৯ তারখি ও ১০ তারখি রোযো রাখে। তবে মাসগুলো নয়িে কোন অনশি্চয়তা থাকলে তাহলে তনিদনি রোযো রাখবে। ইবনে সরিনি এই অভমিত ব্যক্ত করতনে।"[সমাপ্ত][আল-মুগনি (৪/৪৪১)]

পূর্বোক্ত আলোচনা থকে ফুটে উঠল য,ে তনি দনি রোযো রাখাকে বদিাত বলা ঠকি হবে না।

আর যে ব্যক্তি ৯ তারখিে রোযো রাখতে পারনেি সে ব্যক্তি শুধু ১০ তারখিে রোযো রাখতে কোন অসুবধিা নইে, এটা মাকরুহ হবে না। যদি এর সাথে ১১ তারখিও রোযো রাখে তাহলে সটো উত্তম।

আল-মরিদাওয়ি তার 'ইনসাফ' গ্রন্থে (৩/৩৪৬) বলনে:

"মাযহাবরে সঠকি মতানুযায়ী, এককভাবে ১০ তারখি রোযো রাখা মাকরুহ নয়। শাইখ তাকী উদ্দনি (ইবনে তাইময়িা)ও একমত

পোষণ করছেন যে, মাকরুহ হবে না।[সংক্ষেপিত ও সমাপ্ত]

আল্লাহ্ই সর্বজ্ঞ।